

গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রতিনের আন্দোলন স্থগিত করেছে আন্দোলনরত শিক্ষার্থীরা। গতকাল সকাল সাড়ে ৯টায় ক্যাম্পাসের জয়ে বাংলা চতুরে আন্দোলনরত শিক্ষার্থীরা সংবাদ সম্মেলন করে এ ঘোষণা দেন। গত সোমবার বিকেলে শিক্ষা মন্ত্রণালয়ে ভিসি অধ্যাপক ড. খেন্দকার নাসিরউদ্দিন পদত্যাগপত্র জমা দিয়েছেন বলে সংবাদ সম্মেলনে আপাতত আন্দোলন স্থগিত করা হয়। তবে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারির পরে আন্দোলন প্রত্যাহার করা হবে বলে শিক্ষার্থীরা সংবাদ সম্মেলন থেকে জানান।

সংবাদ সম্মেলনে মূল বক্তৃব্য উপস্থাপন করেন গণত বিভাগের শিক্ষার্থী মো. আল গালিব। এ সময় সেখানে উপস্থিত ছিলেন শিক্ষার্থী কল্যাণ মির্ঝা, প্রিয়তা দে, রেহনুমা তাবাসসুম এশি, শরীফ আল রাজু, শিকদার মাহবুবসহ আরও অনেকে।

এদিকে ভিসি নাসির পদত্যাগ করায় সকাল থেকেই শিক্ষার্থীরা ক্যাম্পাসে এসে গান বাজিয়ে, নেচে-গেয়ে, একে অপরের মুখে রং মাখিয়ে আনন্দের বহিঃপ্রকাশ করেন। পরে শিক্ষার্থীরা ক্যাম্পাসে একটি আনন্দ মিছিল বের করে। পরে বেলা সাড়ে ১১টায় ক্যাম্পাসে আনন্দ মিছিল বের করা হয়। মিছিলটি ক্যাম্পাস

## প্রধানমন্ত্রী ফিরেছেন



প্রধানমন্ত্রী  
শেখ হাসিনা  
জাতিসংঘ  
সাধারণ  
পরিষদের (ইউএনজিএ)  
৭৪তম অধিবেশনে  
ঘোগদানের জন্য  
যুক্তরাষ্ট্রে আট দিনের  
সরকারি সফর

## আলতামাশ কবির আইইউবির ট্রাস্ট হলেন



ইন্ডিপেন্ডেন্ট  
ইউনিভার্সিটি বাংলাদেশের  
(আইইউবি) বোর্ড অব  
ট্রাস্টজের নতুন সদস্য  
হলেন সংবাদ সম্পাদক  
আলতামাশ কবির। তিনি

## শল্লকলায় গানে নৃত্যে প্রবীণ দিবস উদযাপন



আন্তর্জাতিক  
প্রবীণ দিবস  
উপলক্ষে  
শল্লকলা একাডেমির  
সাংস্কৃতিক অনুষ্ঠান

## হাবতে বঙ্গবন্ধুর স্মরণে 'জ্যোতির্মান' বইয়ের মোড়ক উন্মোচন

ইসলামী বিশ্ববিদ্যালয়ে  
জাতির পিতা বঙ্গবন্ধুর  
জন্ম শতবার্ষিকী উপলক্ষে

পারদর্শন করে জয়বাংলা চতুরে  
এসে শেষ হয়।

সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ  
হাসিনা, শিক্ষা মন্ত্রণালয়,  
বিশ্ববিদ্যালয় মণ্ডপে কমিশন  
(ইউজিসি) বিশ্ববিদ্যালয়ের  
সার্বিক পরিষিতি বিবেচনায় দ্রুত  
পদক্ষেপ নেয়ায় সাধারণ  
শিক্ষার্থীরা কৃতজ্ঞতা প্রকাশ  
করেছেন। পাশাপাশি আন্দোলনে  
সহযোগিতার জন্য গণমাধ্যম,  
গোপালগঞ্জের

গোবরা  
ইউনিয়নবাসীসহ দেশবাসীকে  
শিক্ষার্থীরা ধন্যবাদ জ্ঞান। সেই  
সঙ্গে শিক্ষার্থীরা দুর্নীতি দমন  
কমিশনকে বিশ্ববিদ্যালয়ে  
বিদ্যমান সকল দুর্নীতি, অনিয়ম  
ও অবিচারের নিরপেক্ষ তদন্তের  
মাধ্যমে সংশ্লিষ্ট সকল দোষীদের  
বিচারের আওতায় আনার আহ্বান  
জানিয়েছে। তারা আশা করেন  
এভাবেই বঙ্গবন্ধুর নামে প্রতিষ্ঠিত  
বিশ্ববিদ্যালয়ে শিক্ষা-গবেষণার  
সুষ্ঠু পরিবেশ ফিরে আসবে।

সংবাদ সম্মেলনে, শিক্ষার্থীরা  
প্রশাসন ও যথাযথ কর্তৃপক্ষের  
দৃষ্টি আকর্ষণ করে আন্দোলনে  
বিরোধিতাকারী গোষ্ঠী ও  
পদত্যাগী ভিসির দোসররা  
কোনভাবেই যেন কোমলমতি  
শিক্ষার্থীদের ওপর নাশকতা বা  
হামলার পরিকল্পনা করতে না  
পারে সেই দিকে প্রয়োজনীয়  
ব্যবস্থা নেয়ার দাবি জ্ঞানিয়েছেন।  
সেই সঙ্গে পদত্যাগী ভিসির  
মাধ্যমে শিক্ষার এবং  
অবকাঠামোগত যে ক্ষতি ও  
ধ্বংস সাধন হয়েছে সেসব  
পূরণের জন্য শিক্ষার্থীরা

## সাতক্ষীরা মোড়কেলসহ তিন প্রতিষ্ঠানের চিকিৎসা সামগ্রী ও আসবাবপত্র ক্রয়ে দুর্নীতি

ফরিদপুর মেডিকেল  
কলেজ হাসপাতালে পর্দা  
কেলেক্ষারীর মতো স্বাস্থ্য  
অধিদফতরের আওতাধীন  
সাতক্ষীরা মেডিকেল  
কলেজ হাসপাতালসহ  
৩টি

## বঙ্গবন্ধু মোড়কেল বিশ্ববিদ্যালয়

### গবেষণা দিবস

#### আজ

আজ বঙ্গবন্ধু শেখ মুজিব  
মেডিকেল বিশ্ববিদ্যালয়  
দ্বিতীয় গবেষণা দিবস।  
দিবসটি উদযাপন  
উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের  
শহীদ ডা. মিলন হলে

## রোহিঙ্গা সংকট সমাধানে কাজ করছে অস্ট্রেলিয়া

ঢাকায় নিযুক্ত  
অস্ট্রেলিয়ার  
হাইকমিশনার জুলিয়া  
নিবলেট বলেছেন,  
রোহিঙ্গা সংকট সমাধানে  
বাংলাদেশ-মায়ানমার  
ছাড়াও আঞ্চলিক-  
আন্তর্জাতিক

## ফখরুলসহ তিন

### নেতার জামিন

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে  
হত্যার হুমকির মামলায়  
জামিন পেয়েছেন  
বিএনপির মহাসচিব মির্জা  
ফখরুল ইসলাম  
আলমগীরসহ তিন নেতা।  
গতকাল

কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছেন। শিক্ষার্থীরা আশা করেন। এসব প্রতিবন্ধক কর্তা কাটিয়ে বিশ্ববিদ্যালয়টি দেশের একটি শীর্ষ বিদ্যাপীঠে পরিণত হবে।

গতকাল সকাল থেকেই শিক্ষার্থীরা ক্যাম্পাসে জড়ো হতে শুরু করে। গান বাজিয়ে আনন্দ উল্লাসে ফেটে পড়েন। নেচে-গেয়ে বাঁধন হারা আনন্দ প্রকৃশ করেন। শিক্ষার্থীরা অবির ছিটিয়ে ও একে অপরের মুখে রং মাখুয়ে উদ্বেলিত হয়ে ওঠে। শিক্ষার্থীরা বিভিন্ন গ্রন্থপে ভাগ হয়ে দিনভরেই ভিসি প্রতন্ত্রে উপভোগ করেন।

গত ১১ সেপ্টেম্বর আইন বিভাগের শিক্ষার্থী ফাতেমা-তুজ জিনিয়াকে অন্যায়ভাবে বহিস্কার করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ নিয়ে ফেসবুকে সমালোচনার ঝড় ওঠে। ১৮ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় প্রশাসন জিনিয়ার বহিস্কার আদেশ প্রত্যাহার করে নেয়। ১৯ সেপ্টেম্বর থেকে শিক্ষার্থীরা অনিময়ন, দুনীতি, স্বেচ্ছাচারিতা ও নৈতিক স্থলনের অভিযোগে এনে ভিসির পদত্যাগের দাবিতে টানা আন্দোলন শুরু করে। ২১ সেপ্টেম্বর আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর ভিসির সমর্থকুরা হামলা করলে ২০ শিক্ষার্থী আহত হয়। এ নিয়ে বিশ্ববিদ্যালয় মণ্ডেজুরি কমিশন গঠিত তদন্ত কমিটি গত রোববার ভিসিকে প্রত্যাহারের সুপারিশ করে তদন্ত প্রতিবেদন দাখিল

## মাহলা পারষদের মানববন্ধন অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে আন্তরিক হওয়ার

### আহ্বান

অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে সামাজিক দায়বন্ধতা, প্রশাসনিক দায়বন্ধতা ও সাংবিধানিক দায়বন্ধতা থেকে নিজ নিজ দায়িত্ব পালনে সবাইকে

## গণরূপের শিক্ষার্থীদের নিয়ে উপাচার্য ভবনে থাকবেন ডাকসুর সদস্য!

টাকা বিশ্ববিদ্যালয়ের (টাবি) আবাসন সংকট ও গণরূপ সমস্যা সমাধানে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে প্রশাসন দৃশ্যমান কোন পদক্ষেপ

## ঘোরুকের জন্য স্বী হত্যা মামলায় স্বামীর মৃত্যুদণ্ড টাঙ্গাইলে ঘোরুকের দাবিতে গৃহবধূ মণ্টি ঘোষ হত্যা মামলায় স্বামী রনি ঘোষকে (৩২) মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। একই সঙ্গে

## শুন্দি অভিযান অব্যাহত থাকবে শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি  
বলেছেন, শেখ হাসিনা  
সরকার সবসময়ই  
ঘেরোন

করে। অবশেষে শিক্ষার্থাদের ১২ দিনের অনড় আন্দোলনের মুখ্য গত সোমবার বিকেলে ভিসি পদত্যাগ করেন।

শিক্ষার্থী লোকমান হোসেন বলেন, আমরা আজ ১২ হাজার শিক্ষার্থী আনন্দে উদ্বেলিত। বৈরাচারী ভিসির প্রতিনের মধ্যে দিয়ে আমরা মুক্তি পেয়েছি। এখন ক্যাম্পাসে শিক্ষা ও গবেষণার পরিবেশ ফিরে আসবে।

শিক্ষার্থী রেহনুমা তাবাসসুম ছাণি বলেন, টানা ১২ দিনের আন্দোলন সফল হয়েছে। আমরা এখন মুক্তমনে পড়াশোনা করতে পারব। মুক্তচিন্তার বহিঃপ্রকাশ ঘটাতে পারব। কথায় কথায় আমাদের বহিক্ষার, নিয়াতন বন্ধ হবে। এখানে একজন সৎ, যোগ্য ও নিষ্ঠাবান ভিসি নিয়োগ দেয়া হবে বলে আমরা প্রত্যশা করছি। শিক্ষার্থী প্রিয়তা দে বলেন, জাতির পিতার নামের এ বিশ্ববিদ্যালয়ে আমরা শিক্ষায় মনোযোগ দিয়ে ভুলো রোজাল্ট করে জাতির মুখ উজ্জ্বল করতে চাই। এ বিশ্ববিদ্যালয়কে আমরা দেশের সেরা বিদ্যাপীঠ হিসেবে প্রতিষ্ঠা করতে চাই।

বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক কাজী মসিউর রহমান বলেন, এখন বিশ্ববিদ্যালয় বন্ধ রয়েছে। আশা করি পূজার ছুটির পর এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা পড়াশোনায় মনোযোগ দেবে। শিক্ষাক ও শিক্ষার্থীদের মধ্যে সম্প্রীতির বন্ধন আরো সুদৃঢ়

হবে। এখানে শিক্ষার সুষ্ঠু  
পরিবেশ বিরাজ করবে। শিক্ষক  
ও শিক্ষার্থীরা একসঙ্গে শিক্ষা ও  
গবেষনার কাজ করবে।

---

স্বত্ত্বাধিকার সংরক্ষিত

---